



বই পড়ুন

PEARSON

booktrust

আপনার

বাচ্চার সাথে



জ্যাকলিন

উইলসনের মুখবন্ধ

Bengali Edition

সুখতাইম



শিক্ষা ও প্রকাশনা কোম্পানী পিয়ারসন থেকে আপনার বাচ্চার জন্য এই বইগুলো উপহার হিসাবে দেয়া হয়েছে। বই পড়ার আনন্দ আবিষ্কারে উৎসাহিত করার জন্য বেসরকারী দাতব্য প্রতিষ্ঠান বুকট্রাস্টের সহায়তায় ২০০৬ সালে বুকটাইম গঠিত হয়।

আরো জানতে হলে
পিছনের পাতায় দেখুন



একসাথে বই পড়া



আপনি হয়ত এর মধ্যে
বাচ্চার সঙ্গে একসাথে
বই পড়ছেন।



বাচ্চার সঙ্গে একসাথে বই পড়া মজার বিষয়। এই সময়টা হচ্ছে কাছে টেনে নেবার, একসাথে হাসি-তামাসা ও কথাবার্তা বলার।



সবাইকে বই পড়তে জড়াতে পারলে ভাল হয় -
ভাই, বোন, দাদা-দাদী,
নানা-নানী - আপনার
পরিবারে যারা গুরুত্বপূর্ণ।



যখন আমি ছোট ছিলাম তখন আমার
বইগুলিই ছিল সবচেয়ে দামী সম্পদ।
প্রত্যেকটা বই আমি বার বার পড়েছি
আর চরিত্রের সঙ্গে মিলিয়ে নতুন নতুন
গল্প তৈরী করেছি। এটা অত্যন্ত
সুন্দর হতে পারে যখন বড়রা বাচ্চাদের
সাথে শুধু আনন্দ ও উপভোগের জন্য
একসাথে বই পড়েন।

বাচ্চারা পড়তে শেখার পরও আমি
বাবা-মাকে ও যিনি দেখাশুনা করেন
তাঁকে উচ্চস্বরে বই পড়ার জন্য
উৎসাহিত করতে চাই। আপনি যদি
বাচ্চাকে বই পড়ে শোনান ও পড়াতে
নেশা লাগিয়ে দিতে পারেন তা হলে
তারা সারা জীবন বই পড়বে।

Jacqueline Wilson

জ্যাকলিন উইলসন, চিলড্রেন্স লরিয়ারেট ২০০৫-০৭



কিছু প্রশ্নের উত্তর দেয়া হয়েছে

বাচ্চা যদি একটা কঠিন বই তুলে
নেয় তা হলে আমার কি করতে
হবে?

আপনি এর একটা অংশ পড়তে পারেন এবং
বইটির বিষয় ও ছবি নিয়ে বাচ্চার সাথে কথা
বলতে পারেন। বাচ্চারা কঠিন বই থেকেও
আনন্দ পেতে পারে যদি আপনি তাদের সঙ্গে
বসে বইটি পড়েন।

আমি কিভাবে সঠিক বইটি
খুঁজে পেতে পারি?



আপনার বাচ্চার কথা মন দিয়ে শুনুন
এবং তার কাছ থেকে জেনে নিন সে কি
ধরনের বই পড়তে মজা পায়।



অন্যান্য বাবা-মাকে জিজ্ঞাসা করুন
এবং বাচ্চার টীচারের কাছ থেকে
জেনে নিন কি বই পড়তে পারে।



লাইব্রেরী, বইয়ের দোকান ও
বইয়ের ওয়েবসাইট থেকে জেনে
নিন উপযুক্ত তালিকা।



আমি কেমন করে সময় বের করবো?

প্রতিদিন দশ থেকে বিশ মিনিট বা
সপ্তাহে কয়েকবার বই নিয়ে একসাথে
বসলে খুব ভাল হয়।



আমি কি আমার মাতৃভাষায় পড়তে পারি?

বাড়ীতে যে ভাষায় কথা বলা হয় সেই
ভাষায় গল্প ও ছড়া শোনা বাচ্চাদের
জন্য খুবই ভাল। বড়দের চেয়ে বাচ্চারা
দুই ভাষা আয়ত্ত্ব করতে পারে ভাল।



অন্য বাচ্চাদের তুলনায় আমার বাচ্চা কেন বেশী সময় নিচ্ছে?

অধিকাংশ বাচ্চা চার থেকে সাত বছরের
মধ্যে পড়তে শিখে। তবে শেখার জন্য
সময়েয় গতি ভিন্ন হতে পারে। আসল
বিষয়টা হল বাচ্চারা যেন বুঝে যে বই
পড়া হল মজার।

কিছু মনে রাখার বিষয়



বৈচিত্র সবচেয়ে ভাল। যে বিষয়ে
বাচ্চা মজা পায় সেই বিষয়ে পড়তে
উৎসাহিত করুন। এর মধ্যে কমিক,
ম্যাগাজিন, জোকস্ কবিতা-ছড়া
এবং পোষা প্রাণী বা খেলাধূলাও
থাকতে পারে।



আপনাকে
পড়তে দেখাও
বাচ্চার জন্য
ভাল। তা যাই
হোক না কেন
বই, চিঠি,
ই-মেইলে
রান্নার পদ্ধতি,
খবরের কাগজ
ও ম্যাগাজিন।



স্কুল থেকে যে সব বই
বাড়ীতে নিয়ে আসে তা
দেখার সময় বের করে নিন
এবং বাচ্চার সঙ্গে তার প্রিয়
বইগুলো একসাথে দেখুন।



ঘুমাবার সময় বই



ঘুমাবার আগে গল্প বলাও
বিশেষভাবে জরুরী



আরেকটা গল্প বলার প্রতিশ্রুতি
অথবা গত রাতের গল্পটির শেষাংশ
শোনার জন্য বাচ্চারা ঘুমাবার
সময়ের জন্য অপেক্ষা করবে।



ঘুমাবার সময় গল্প বলা বা বই
পড়া শিশু মনে একটা নিরাপত্তা
ও ভালবাসার অনুভূতি সৃষ্টি
করে।



পরিণত বয়সে ঘুমাবার সময়ের
গল্প মধুর স্মৃতি হয়ে থাকবে।



পরিবারের সবাই যোগ দিলে
খুব ভাল হয়। এতে বুঝা যাবে
যে গল্প বলা ও বই পড়া কত
গুরুত্বপূর্ণ।



বাচ্চার সঙ্গে একসাথে বসে বই পড়া



বই পড়ার সময়



একসাথে বই পড়ার জন্য
একটা বিশেষ সময় ও
জায়গা ঠিক করে নিন।



মজার অংশটুকু নিয়ে একসাথে
হেসে উপভোগ করুন।



ছবিতে কি হচ্ছে তা নিয়ে
কথা বলুন। এতে কণ্ঠে
গল্পের অর্থ বুঝতে আপনার
বাচ্চার সুবিধা হবে।



বইটাকে জীবন্ত করে তুলতে
সাহায্য করুন - বাচ্চার প্রিয়
চরিত্রটির ছবি আঁকুন এবং
এসব নিয়ে একসাথে একটা
গল্প তৈরী করে ফেলুন।

পিয়ারসন, বুকট্রাস্ট ও বাচ্চাদের
বই সম্পর্কে আরো জানার জন্য
এখানে কয়েকটি প্রয়োজনীয়
ওয়েবসাইট দেয়া হল

booktime.pearson.com

www.puffin.co.uk www.penguin.co.uk

www.pearson.com www.longman.co.uk

www.booktrusted.com www.booktrust.org.uk

ধন্যবাদ জানাই:

জ্যকলিন উইলসন, চিলড্রেস্

লরিয়েট (২০০৫-০৭);

লিনলি ডড (২০০৬) এবং এ্যালেন

এ্যালবার্গ (২০০৭), তাঁদের বই

উপহার দেয়ার জন্য;

জেরালডিন টেইলর, লেখক;

টনি রস, চিত্র অংকনকারী;

ওয়েন্ডি কুলিং, উপদেষ্টা;

এবং মন্ত্র লিংগুয়া অনুবাদের জন্য



booktrust

